



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ২৭/২০২৫

তারিখ : ০৬ চৈত্র, ১৪৩১  
২০ মার্চ, ২০২৫

ব্যাংকার্স সিলেকশন কমিটির অন্তর্ভুক্ত জনতা ব্যাংক পিএলসি-এ ২০২১ সাল ভিত্তিক ‘সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট)’ (গ্রেড-৯) (Job Id-10187) এর ২১টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির অন্তর্ভুক্ত জনতা ব্যাংক পিএলসি-এ ২০২১ সাল ভিত্তিক ‘সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট)’ (গ্রেড-৯) (Job Id-10187) এর ২১টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে এ সচিবালয়ের ১২/০২/২০২৩ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৭/২০২৩ এর প্রেক্ষিতে বিগত ১৮/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৯০ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ১১/০৪/২০২৫ তারিখ হতে ২৫/০৪/২০২৫ তারিখ পর্যন্ত শুধুমাত্র শুক্রবারসমূহে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (প্রধান ভবনের ৪র্থ তলা), মতিঝিল, ঢাকায় অনুষ্ঠিত হবে।

প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং এতদসংক্রান্ত এক সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডের সহযোগী সদস্যদের নিকট জমা দিতে হবে:

ক্রমিক	প্রয়োজনীয় দলিলাদি	বিবরণ
১	সংশ্লিষ্ট পদের লিখিত পরীক্ষার প্রবেশপত্র	সাদা কালো/ কালার প্রিন্ট
২	এসএসসি/সমমান এর সনদ	মূল কপি এবং সত্যায়িত ফটোকপি
৩	এইচএসসি/সমমান এর সনদ	ঐ
৪	চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) এর সনদ	ঐ
৫	চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) এর মার্কশীট/ড্রাফটক্রিপ্ট	ঐ
৬	স্নাতকোত্তর (যদি থাকে) এর সনদ	ঐ
৭	স্নাতকোত্তর এর মার্কশীট/ড্রাফটক্রিপ্ট	ঐ
৮	কম্পিউটার লিটারেসি সনদ	ঐ
৯	মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার (যদি থাকে) সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি	ঐ
১০	স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক সম্প্রতি ইস্যুকৃত জাতীয়তা সনদপত্র/নাগরিকত্ব সনদপত্র	ঐ
১১	১৩/০৩/২০২৩ তারিখের পরে ইস্যুকৃত চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান)/ স্নাতকোত্তর পর্যায়ের সনদ/মার্কশীট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ	ঐ
১২	পরিচালক (বিএসসিএস) ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর ‘সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট)’ পদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে দলিলাদি জমাদান’ বিষয়ে প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র (A4 সাইজের অফসেট পেপারে)	
১৩	সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে)	
১৪	‘O’ Level/ ‘A’ Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ)	

## অন্যান্য নির্দেশাবলীঃ

- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র প্রদর্শন করতে হবে;
- রিপোর্টিং টাইম হতে মৌখিক পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত প্রত্যেক প্রার্থীকে তার মোবাইল ফোন বন্ধ রাখতে হবে এবং
- মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়ে প্রার্থীদের অবশ্যই রিপোর্ট করতে হবে। বিলম্বে রিপোর্ট করার কোনো কারণ কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না।

## মৌখিক পরীক্ষার তারিখ ও সময়ঃ

মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	প্রার্থী সংখ্যা	মৌখিক পরীক্ষার তারিখ ও রিপোর্টিং সময়
2003, 2064, 2083, 2102, 2134, 2140, 2267, 2409, 2487, 2553, 2645, 2782, 2801, 2823, 3006	১৫	১১/০৪/২০২৫ শুক্রবার সকাল ০৯:৩০ টা
3019, 3037, 3138, 3181, 3198, 3200, 3220, 3222, 3243, 3249, 3308, 3362, 3375, 3386, 3441	১৫	১১/০৪/২০২৫ শুক্রবার দুপুর ০২:০০ টা
3487, 3829, 3928, 3999, 4021, 4314, 4425, 4472, 4652, 4671, 4678, 4790, 4945, 4973, 5044	১৫	১৮/০৪/২০২৫ শুক্রবার সকাল ০৯:৩০ টা

মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	প্রার্থী সংখ্যা	মৌখিক পরীক্ষার তারিখ ও রিপোর্টিং সময়
5091, 5119, 5177, 5307, 5328, 5346, 5402, 5444, 5473, 5611, 5622, 5660, 5692, 5715, 5796	১৫	১৮/০৪/২০২৫ শুক্রবার দুপুর ০২:০০ টা
5824, 5950, 5961, 5995, 6030, 6116, 6144, 6291, 6334, 6390, 6425, 6461, 6566, 6634, 6755	১৫	২৫/০৪/২০২৫ শুক্রবার সকাল ০৯:৩০ টা
6757, 6816, 6948, 6966, 7076, 7155, 7207, 7456, 7481, 7493, 7505, 7593, 7732, 7840, 7858	১৫	২৫/০৪/২০২৫ শুক্রবার দুপুর ০২:০০ টা

**বিশেষ দ্রষ্টব্য**

- ক) ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় (বিএসসিএস) প্রকাশিত ফলাফলে কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।
- খ) বিএসসিএস প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদি, অসদাচরণ এবং বিলম্বে উপস্থিতির কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থীর সাথে কোনো যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- গ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-  
(মিজানুর রহমান আকন)  
পরিচালক (বিএসসিএস),  
বাংলাদেশ ব্যাংক  
ও  
সদস্য-সচিব, বিএসসি